

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৫১২

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬৫. রাসূলুল্লাহ (ﷺ) এর সালাতের বৈশিষ্ট্য

### بَابُ صِفَةِ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ وَوَهْبُ بْنُ جَرِيرٍ قَالَا حَدَّثَنَا هِشَامٌ عَنْ يَحْيَى عَنْ أَبِي سَلَمَةَ قَالَ سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي ثَلَاثَ عَشْرَةَ رَكْعَةً يُصَلِّي ثَمَانَ رَكْعَاتٍ ثُمَّ يُوتِرُ ثُمَّ يُصَلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ فَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ قَامَ فَرَكَعَ وَيُصَلِّي رَكْعَتَيْنِ بَيْنَ النَّدَاءِ وَالْإِقَامَةِ مِنْ صَلَاةِ الصُّبْحِ

বাংলা

১৫১২. আবী সালামাহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাল্লামের রাতের সালাত সম্পর্কে জিজ্ঞাসা করলাম। তখন তিনি বললেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (মোট) তেরো রাকা'আত সালাত আদায় করতেন: (প্রথমে) আট রাকা'আত সালাত আদায় করতেন, এরপর (তিন রাকা'আত) বিতর সালাত আদায় করতেন, এরপর দু' রাকা'আত সালাত বসে আদায় করতে থাকতেন। এরপর যখন রুকু' করার ইচ্ছা করতেন, তখন তিনি দাঁড়িয়ে যেতেন এবং রুকু' করতেন। আর সকালের (ফজর) সালাতের আযান ও ইকামতের মাঝে দু' রাকা'আত (ফজরের সুন্নাত) সালাত আদায় করতেন।[1]

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ। এটি বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: নাসাঈ, (ক্বিয়ামুল লাইল ওয়া তাহওয়াউন নাহার) ৩/২৫৬; বুখারী, (আযান) ৬১৯; মুসলিম, (সালাতুল মুসাফিরীন) ৭৩৭। আগের ও পরের হাদীস দু'টিও দেখুন।

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81795>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন